তোমরা রাতে সফর কর। কেননা রাতে যমীনকে গুটিয়ে দেওয়া হয়।

আনাস রাদিয়াল্লাহু ‘আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “তোমরা রাতে সফর কর। কেননা রাতে যমীনকে গুটিয়ে দেওয়া হয়।” [সহীহ] [এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজের উম্মতকে রাতে ভ্রমণ করার পরামর্শ দিচ্ছেন এবং তিনি সংবাদ দিচ্ছেন যে, যখন মুসাফির রাতে ভ্রমণ করে তখন তার জন্য যমীনকে গুটিয়ে দেওয়া হয়, ফলে সে দিনে যা পারে না রাতে তা ভ্রমণ করতে পারে। কারণ, বাহন যদি দিনে শক্তি সঞ্চয় করে ও বিশ্রাম নেয়, তাহলে সে রাতে খুব হাটতে পারে এবং তার হাটার মাত্রা বেড়ে যায়। অনুরূপভাবে গরম না থাকার কারণে মানুষ রাতে অধিক হাটতে পারে। অনুরূপভাবে গাড়ীও দিনের তুলনায় রাতে গরম কম হয়।

https://sunnah.global/hadeeth/bn/show/5966